

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
বাগেরহাট।

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাঃ খালিদ হোসেন, জেলা প্রশাসক, বাগেরহাট ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন :

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোট গ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামি ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাজে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৯৫ বাগেরহাট-১ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামি ১৫ অগ্রহায়ণ ১৪৩০/ ৩০ নভেম্বর ২০২৩ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী, বাগেরহাট) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনে মনোনয়ন পত্র দাখিল করা যাবে।

তারিখ : ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

(মোহাঃ খালিদ হোসেন)
জেলা প্রশাসক, বাগেরহাট

ও
রিটার্নিং অফিসার
৯৫ বাগেরহাট-১

ফোনঃ ০২৪৭৭৭৫২৫১৫ (অফিস)

ই-মেইল: dcbagerhat@mopa.gov.bd

তারিখ : ১৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং- ১৭.০৫.০১০০.০০০.৩৬.০০১.২৩- ৬৪৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। উপপুলিশ মহাপরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
- ৪। পুলিশ সুপার, বাগেরহাট।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী, বাগেরহাট।
- ৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বাগেরহাট।
- ৮। জেলা তথ্য অফিসার, বাগেরহাট (বিজ্ঞপ্তিট বহুল প্রচারের অনুরোধসহ)।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী, বাগেরহাট।
- ১০। অফিসার ইন-চার্জ, ফকিরহাট/ মোল্লাহাট /চিতলমারী থানা, বাগেরহাট।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, বাগেরহাট।
- ১২। নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক, বাগেরহাট

ও
রিটার্নিং অফিসার
৯৫ বাগেরহাট-১